গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
স্থানীয় সরকার শাখা।
www.jhenaidah.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০৩৫.১৯-৫৯০

তারিখ: ১৮ কার্তিক ১৪২৬ ।
০৩ নভেম্বর ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ অধিশাখা, ঢাকার ০৭.০৭.২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.২৩৪ নং এবং ০৮.০৭.২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭.২৩৫ নং স্মারকের আলোকে ঝিনাইদহ জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহে 'হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর' এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য কেবলমাত্র ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে স্ব-হস্ত লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৯৩০০-২২৪৯০/- (জাতীয় বেতন স্কেল, ২০১৫) [বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়] | ৩৯ (উনচল্লিশ) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ এবং ইংরেজি ২০(বিশ) শব্দ। |

### শর্তাবলি

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীকে নিম্নবর্ণিত ফরমে স্ব-হস্তে আবেদন করতে হবে। স্ব-হস্ত ব্যতীত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৩। বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে রীট পিটিশন নং ১১৪৭৬/২০১৭ হতে উদ্ভূত লীভ টু আপীল মামলা নং ৪৫২/২০১৮ এর গত ০৫/০২/২০১৮ তারিখের বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ প্রতিপালন করা হবে।

০৪। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, ঝিনাইদহকে সম্বোধন করে আগামী ২৬-১১-২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালে জেলা প্রশাসক, ঝিনাইদহ এঁর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা(যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহের স্থানীয় সরকার শাখা হতে অথবা জেলা তথ্য বাতায়নের ওয়েবসাইট www.dcjhenaidah.gov.bd এর নোটিশ বোর্ড, www.forms.gov.bd ও www.mopa.gov.bd ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

০৫। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৬। প্রার্থীর বয়সসীমা ২৬/১১/২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। আবেদন পত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫×৫ আকারে রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি দাখিল করতে হবে। সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র।

গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপিসহ কম্পিউটার টাইপিং এর সনদপত্রের ফটোকপি।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র।

ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় আবেদিত চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি/নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সম্পর্কের বিষয়ে সনদপত্র। | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

০৮। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, ঝিনাইদহ এর অনুকূলে ৪০০/-(চারশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।

০৯। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০। যোগাযোগের সুবিধার্থে আবেদনের সঙ্গে ১০/-(দশ) টাকার ডাকটিকিট যুক্ত নিজ ঠিকানা সম্বলিত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে চান) কমপক্ষে ১০˝×৪˝.৫ সাইজের খাম সংযুক্ত করতে হবে।

১১। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(চলমান পাতা-০২)

১২। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১৩। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রমাণ সরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১৫। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩/১১/২০১৯
সরোজ কুমার নাথ
জেলা প্রশাসক
ঝিনাইদহ।
☎ ০৪৫১-৬২৩০১
E-mail: dcjhenaidah@mopa.gov.bd.

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.০২.০৩৫.১৯- ৫৬০/২(২০০) তারিখ: ১৮ কার্তিক ১৪২৬ / ৩ নভেম্বর ২০১৯।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি: সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক,--------------------------(সকল)।
০২। পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ----------------------(সকল),ঝিনাইদহ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার-----------------------(সকল), ঝিনাইদহ। নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
০৬। মেয়র,------------------------(সকল) পৌরসভা, ঝিনাইদহ।
০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইদহ।
০৮। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ। তাকে বিজ্ঞপ্তিটি আবেদন ফরমসহ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো।
০৯। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
১০। চেয়ারম্যান,--------------------------ইউনিয়ন পরিষদ--------------------------(সকল), ঝিনাইদহ।
১১। পোস্ট মাস্টার, ঝিনাইদহ।
১২। সম্পাদক, "বাংলাদেশ প্রতিদিন", ঢাকা/"দৈনিক নবচিত্র", ঝিনাইদহ। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ০১(এক) দিনের জন্য ভিতরের পাতায় স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩। নোটিশ বোর্ড।

৩/১১/২০১৯
জেলা প্রশাসক
ঝিনাইদহ।